



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচারপত্র নং-২৮/২০২৬

তারিখ: ২৯/০৪/২০২৬খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক আহ্বানকৃত সিএন্ডএফ এজেন্ট নিয়োগের e-GP Tender এ অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে

সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান এর আমদানীকৃত পণ্য সামগ্রী ছাড়করণের লক্ষ্যে সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য e-GP Tender এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হচ্ছে। e-GP Tender অতি সম্প্রতি পিপিআর এ নতুনভাবে সংযুক্ত করা হয়েছে। e-GP Tender এ অংশগ্রহণ করার জন্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে National e-GP portal এ রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হয়। সিংহভাগ সিএন্ডএফ এজেন্টের National e-GP portal এ রেজিস্ট্রেশন নেই। e-GP Tender অংশগ্রহণে সিএন্ডএফ এজেন্টগণ অভ্যস্ত নয় বিধায় e-GP Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা অর্জনের জন্যে সিএন্ডএফ এজেন্টগণের পর্যাপ্ত সময়ের প্রয়োজন বলে অত্র এসোসিয়েশন মনে করে। এ কারণে টেন্ডারে অংশগ্রহণের প্রয়োজনীয় যোগ্যতা ও স্বক্ষমতা থাকা স্বত্ত্বেও শুধুমাত্র e-GP Tender প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা না থাকায় নির্ধারিত সময়সীমার মধ্যে টেন্ডার প্রক্রিয়ার সকল আনুষঙ্গিক প্রস্তুতি সম্পন্ন করে টেন্ডারে অংশগ্রহণ করা সম্ভব হচ্ছে না।

এছাড়া e-GP Tender সিডিউলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত নিম্নতম কমিশন হার সহ ন্যূনতম কমিশন , কমিশনের ভ্যাট এবং এসোসিয়েশনের টেন্ডার নীতিমালায় নির্ধারিত অন্যান্য নিম্নতম বাধ্যতামূলক দর সমূহের কোন কলাম না থাকায় সিএন্ডএফ এজেন্টগণের পক্ষে এসোসিয়েশনের টেন্ডার নীতিমালায় নির্ধারিত নিম্নতম কমিশন হার সহ অন্যান্য নিম্নতম বাধ্যতামূলক দর উল্লেখ করা সম্ভব হচ্ছে না। বিগত ২৮/০৪/২০২৬খ্রিঃ তারিখ অনুষ্ঠিত এসোসিয়েশনের ১৫ তম কার্যনির্বাহী পরিষদ সভায় e-GP Tender এ অংশগ্রহণে সদস্য সিএন্ডএফ এজেন্টগণের সমস্যার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার প্রেক্ষিতে e-GP Tender প্রক্রিয়ায় সৃষ্ট সমস্যা সমূহ সমাধান না হওয়া পর্যন্ত সদস্য সিএন্ডএফ এজেন্টগণকে যে কোন সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্যে আহ্বানকৃত e-GP Tender এ অংশগ্রহণে বিরত থাকার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এমতাবস্থায়, e-GP Tender প্রক্রিয়া সম্পর্কে সিএন্ডএফ এজেন্টগণের সম্যক ধারণা না হওয়া পর্যন্ত এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত নিম্নতম কমিশন হার সহ ন্যূনতম কমিশন , কমিশনের ভ্যাট এসোসিয়েশনের টেন্ডার নীতিমালায় নির্ধারিত অন্যান্য নিম্নতম বাধ্যতামূলক দর সমূহের কলাম সংযোজন না করা পর্যন্ত বিভিন্ন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠান এর সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত e-GP Tender এ অংশগ্রহণে বিরত থাকার জন্যে সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হলো।

মোঃ শওকত আলী
সাধারণ সম্পাদক